গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.১৬.০২৪.১৭. ৬৮২

তারিখ : ০১ জ্যৈষ্ঠ, ১৪২৫
১৫ মে, ২০১৮

বিষয়: **মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় পরিদর্শনকালে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭২.০৩৮.০৩.০০.০০১.২০১৪ (অংশ-১)-১৫৩, তারিখ: ০৬.০৫.২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় পরিদর্শনকালে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহের **এপ্রিল' ২০১৮** মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৮ (আট) ফর্দ।

(মো: আবু জুবাইর হোসেন বাবলু)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫১১৪৩

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
(দৃষ্টি আর্কষণ: পরিচালক-৫)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৪। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৭। অফিস কপি।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৯ এপ্রিল ২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় পরিদর্শনকালে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রতিবেদন

**এপ্রিল, ২০১৮**

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| ১) | সমুদ্র বিজয়ের ফলে বঙ্গোপসাগরে বিশাল জলরাশিতে গ্যাস, তেল ইত্যাদি জ্বালানি প্রাপ্তির সম্ভাবনা সৃষ্টি হয়েছে। উপকূলীয় ও গভীর সমুদ্র এলাকায় আধুনিক প্রযুক্তির মাধ্যমে সার্ভে পরিচালনাপূর্বক গ্যাস বা তেল ক্ষেত্র আবিস্কার এবং তা দিয়ে বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করতে হবে; | পেট্রোবাংলা | প্রতিবেশি দেশের সাথে সমুদ্রসীমা নিষ্পত্তি হওয়ায় সমুদ্রাঞ্চলের ব্লকসমূহকে পুন:বিন্যাস করে নতুনভাবে ব্লক ম্যাপ প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত মডেল পিএসসি ২০১২-কে সংশোধন/পরিমার্জনপূর্বক আরও আকর্ষণীয় ও যুগোপযোগী করে খসড়া অফশোর মডেল পিএসসি ২০১৭ প্রস্তুত করা হয়েছে। পাশাপাশি মডেল পিএসসি হালনাগাদকরণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান Draft Final Report দাখিল করেছে।<br><br>সমুদ্রাঞ্চলে তেল-গ্যাস অনুসন্ধান চালানোর জন্য ইতোমধ্যে ০৪টি ব্লকের (এসএস-০৪, এসএস-০৯, এসএস-১১ এবং ডিএস-১২) জন্য উৎপাদন বণ্টন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ সকল ব্লকে ২ডি সাইসমিক সার্ভে এর ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন সম্পন্ন হয়েছে। ২০১৮ সালের প্রথম কোয়ার্টার নাগাদ ব্লক এসএস-০৪ এ ড্রিলিং শুরু হওয়ার কথা থাকলেও, পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তিতে দেরী হচ্ছে। এদিকে সমূদ্রের আবহাওয়া সাধারনত অক্টোবর-মার্চ সময়কালে শান্ত থাকে। পরিবেশগত ছাড়পত্র না পাওয়ায় ২০১৮ সালের অক্টোবর নাগাদ এ ব্লকে ড্রিলিং কার্যক্রম শুরু হবে বলে আশা করা যায়। ব্লক এসএস-১১ এ ত্রিমাত্রিক সাইসমিক জরীপ পরিচালনার লক্ষ্যে কন্ট্রাক্টর নিয়োগের জন্য বিড মূল্যায়ন সম্পন্ন হয়েছে। ২০১৮ সালের মে মাসে এ ব্লকে ত্রিমাত্রিক সাইসমিক জরিপ পরিচালনা করা হবে। ডিএস-১২ ব্লকে ত্রিমাত্রিক সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে EOI আহ্বান করলেও পরামর্শক প্রতিষ্ঠান ২ডি ডাটা বিশ্লেষনের জন্য আরও কিছু সময় চেয়েছে যাতে মান সম্পন্ন ৩ডি ডাটা আহরণ করা যায় তাই তারা তাদের ইতোপূর্বের নির্ধারিত এপ্রিল মাসের ৩ডি কার্যক্রম পিছিয়ে আগামী নভেম্বর ২০১৮ মাসে করবে বলে জানিয়েছে। |
| ২) | গভীর সমুদ্রে গ্যাস/তেল ব্লক বরাদ্দের ক্ষেত্রে কোন একক দেশকে ২/৩টির অধিক সংখ্যক ব্লক প্রদান পরিহার করা হবে; | পেট্রোবাংলা | গভীর সমুদ্রে গ্যাস/তেল ব্লক বরাদ্দের ক্ষেত্রে কোন একক দেশকে ২/৩টির অধিক সংখ্যক ব্লক প্রদান পরিহার করা হয়েছে এবং ভবিষ্যতেও পরিহার করা হবে। |
| ৩) | দেশের কয়লা চাহিদা ইন্দোনেশিয়া, অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা প্রভৃতি দেশ হতে আমদানির মাধ্যমে পূরণসহ ঐ সকল দেশে খনি লীজ গ্রহণ করার সম্ভাব্যতা যাচাইপূর্বক পদক্ষেপ গ্রহণ করতে হবে; | পেট্রোবাংলা | ইন্দোনেশিয়া, মঙ্গোলিয়া, অস্ট্রেলিয়া এবং দক্ষিণ আফ্রিকায় যৌথ উদ্যোগে অর্থাৎ কয়লাখনি পরিচালনাকারী বিদ্যমান প্রতিষ্ঠানের সাথে বিনিয়োগের মাধ্যমে খনি লীজ নেওয়া কিংবা খনি পরিচালনা করার সুযোগ রয়েছে। উল্লেখ্য, দেশে আবিষ্কৃত ০৫টি কয়লা ক্ষেত্রের মধ্যে পেট্রোবাংলার আওতাধীন বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল) এক্সএমসি-সিএমসি কনসোর্টিয়ামের সাথে Management, Production, Maintenance & Provisioning Services (MPM&P) চুক্তির আওতায় বড়পুকুরিয়া কয়লা খনি পরিচালনা করছে। বিদেশে লীজ গ্রহণ করে কয়লা খনি পরিচালনা করার প্রয়োজনীয় আর্থিক ও কারিগরী সক্ষমতা বিসিএমসিএল অর্জন করতে সক্ষম হয়নি।<br><br>এছাড়াও সরকারের ভিশন ২০২১ অনুযায়ী দেশে কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রে প্রয়োজনীয় পরিমান বিটুমিনাস/সাব বিটুমিনাস শ্রেণির উচ্চ তাপজলন ক্ষমতা সম্পন্ন উন্নতমানের কয়লা চাহিদা বিবেচনা করে বেসরকারি ব্যবস্থাপনায় উল্লিখিত দেশসমূহে মাইন লিজ নেওয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। |

চলমান পৃষ্ঠা-০২

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| ৪) | ভারতের নুমালীগড় থেকে পাইপ লাইনের মাধ্যমে জ্বালানি তেল আমদানির ক্ষেত্রে সংক্ষিপ্ততম রুট বাছাই করে পাইপ লাইন নির্মাণের ব্যয় ভারতীয় পক্ষ কর্তৃক নির্বাহ এবং আমদানিতব্য তেলের মূল্যের সাথে তা সমন্বয়পূর্বক পরিশোধের প্রস্তাব প্রণয়ন করতে হবে; | বিপিসি | *** ভারতের সাথে তেল আমদানির জন্য Sales And Purchase Agreement (SPA) স্বাক্ষরিত হয়েছে।**<br><br>*** ক্রমবর্ধমান জ্বালানি তেলের চাহিদা ও পিডিবি এর নতুন বিদ্যুৎ কেন্দ্রের চাহিদা বিবেচনায় নিয়ে পাইপলাইনটি নুমালীগড়-পার্বতীপুর হয়ে সৈয়দপুর ও বগুড়া পর্যন্ত বর্ধিতকরণের বিষয়ে বিপিসি ও নুমালীগড় রিফাইনারীর মধ্যে আলোচনা অব্যাহত রয়েছে।**<br><br>* পাইপলাইন নির্মাণ ও পরিচালনার জন্য সম্যক ধারণা অর্জনের লক্ষ্যে বিপিসি ও কোম্পানিসমূহের প্রতিনিধিদের ট্রেনিং প্রদানের লক্ষ্যে BPC কর্তৃপক্ষের NRL কর্তৃপক্ষের আলোচনা চলমান রয়েছে।<br><br>* গত ২১.০৩.২০১৮ হতে ২৫.০৩.২০১৮ তারিখে বিপিসি'র চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে বিপিসি'র প্রতিনিধি দল NRL সফর করেন। উক্ত সফরে পাইপলাইনের মাধ্যমে ডিজেল সরবরাহের বিষয়ে আলোচনা হয়।<br><br>* সৈয়দপুরে পিডিবি'র স্থাপিতব্য নতুন বৈদ্যুতিক প্ল্যান্টে তেল সরবরাহের লক্ষ্যে পার্বতীপুর থেকে IBFPL সৈয়দপুর পর্যন্ত বর্ধিতকরণের বিষয়ে NRL এর সাথে বিপিসি'র আলোচনা হয়েছে।<br><br>* গত ০৯.০৪.২০১৮ তারিখে পাইপলাইনের মাধ্যমে ডিজেল সরবরাহের লক্ষ্যে পাইপলাইন স্থাপনের বিষয়ে MoU টি বাংলাদেশ সরকারের পক্ষে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং ভারতের পক্ষে পররাষ্ট্র সচিব, ভারত স্বাক্ষর করেন। |
| ৫) | বিদ্যমান Captive Power খাতে গ্যাস সংযোগের হার ১৭% হতে ক্রমান্বয়ে হ্রাস করে তা বিদ্যুৎ কেন্দ্র ও শিল্পকারখানায় ব্যবহারের পরিকল্পনা গ্রহণ করতে হবে; | পেট্রোবাংলা | Captive Power প্ল্যান্টের জন্য পুনরাদেশ না দেয়া পর্যন্ত গ্যাস সংযোগ প্রদান না করার বিষয়ে সরকারের সিদ্ধান্তের প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১০.০৮.২০১৫ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে। সে অনুযায়ী Captive Power প্ল্যান্টে নতুন গ্যাস সংযোগ প্রদান করা হচ্ছে না। বিদ্যমান Captive Power প্ল্যান্টের গ্রাহকদের থার্মাল এফিসিয়েন্সি এক বছরের মধ্যে ৬০% এ উন্নীত করার জন্য নতুন সংযোগ ও লোড বৃদ্ধি সংক্রান্ত বিষয় বিবেচনার জন্য গঠিত কমিটি নির্দেশনা প্রদান করেছে। এছাড়া, Captive Power সম্পর্কিত সংযোগ স্থানান্তরের ক্ষেত্রেও বিধি নিষেধ আরোপ করা হয়েছে। |
| ৬) | সরকারি খাতে LPG'র উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন করতে হবে যাতে বেসরকারি খাতের মূল্য যৌক্তিকভাবে নিয়ন্ত্রণে রাখা যায়; | বিপিসি | দেশে এলপি গ্যাসের সহজলভ্যতার জন্য সরকারিভাবে বিপিসি'র ০২টি এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। গৃহীত ০২টি প্রকল্পের অগ্রগতির (হালনাগাদ) বর্ণনা নিম্নে উপস্থাপন করা হল :<br><br>০১। মংলায় বাস্তবায়নাধীন এলপিজি প্ল্যান্ট:<br>এলপিজি বটলিং প্ল্যান্ট ইনক্লুডিং ইম্পোর্ট ফ্যাসিলিটিজ, স্টোরেজ ট্যাংকস, পাইপলাইন্স, জেটি এ্যাট মংলা, বাগেরহাট (১০০,০০০ মেঃটন ক্যাপাসিটি পার এ্যানাম)" নামে একটি প্রকল্প অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ব্যয় ২১,০৪৬.৯৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৮। কিন্তু প্রকল্পের কনসালটেন্ট নিয়োগ ও কনসালটেন্ট কর্তৃক কাজ সম্পাদনের জটিলতা সৃষ্টি হওয়ায় গত ১৯.০৭.২০১৬ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী জয়েন্ট ভেঞ্চার কোম্পানির মাধ্যমে বাস্তবায়ন করা হবে। সে লক্ষ্যে ০৩.১১.২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন পর্যালোচনা সভায় জয়েন্ট ভেঞ্চারে LP Gas Plant স্থাপনের নিমিত্তে ০৮.০১.২০১৭ তারিখে পত্রিকায় Expression OF Interest (EOI) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br><br>* জয়েন্ট ভেঞ্চার LP Gas Plant স্থাপনের লক্ষ্যে বিজ্ঞপ্তি অনুযায়ী ০৭.০৩.২০১৭ তারিখে প্রাপ্ত EOI সমূহ গ্রহণ ও উন্মুক্ত করা হয়েছে। এতে ১৭টি প্রতিষ্ঠানের মধ্যে ১৬টি প্রতিষ্ঠান রেসপনসিভ বিবেচিত হয়েছে। পিপিআর অনুযায়ী সংক্ষিপ্ত তালিকাভুক্ত করে রেসপনসিভ ১৬টি প্রতিষ্ঠানকে ১৬.০৮.২০১৭ তারিখে REP ফরমেট প্রদান করা হয়েছে এবং ২১.০৯.২০১৭ তারিখে REP গ্রহণের তারিখ নির্ধারিত ছিল। কিন্তু উক্ত তারিখে কোনো প্রতিষ্ঠান অংশগ্রহণ করেনি। এ বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |

চলমান পৃষ্ঠা-০৩

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| | | | **০২। কুমিরায় প্রতিষ্ঠিতব্য এলপিজি প্ল্যান্ট:**<br><br>**সরকারি বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি'র আওতায়) বার্ষিক ১.০০ (এক) লক্ষ মেঃ টন উৎপাদন ক্ষমতার আমদানি নির্ভর একটি এলপিজি বোতলজাতকরণ প্ল্যান্ট চট্টগ্রামে বাস্তবায়নের লক্ষ্যে বিপিসি কর্তৃক** "Construction of LPG Bottling Plant at Kumira or any suitable place in Chittagong including Import Facilities of LPG, Jetty, Pipelines & Storage Tank" **শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা** হয়েছে।<br><br>* চলমান কাজের ধারাবাহিকতায় "Construction of LPG Bottling Plant in Chittagong" শীর্ষক প্রকল্পের জন্য ১০(দশ) একর জমি বরাদ্দ গ্রহণের জন্য এ বিভাগ গত ০৯.০৬.২০১৬ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রদান করে। ভূমি অধিগ্রহণ বিষয়ে গত ২০.০৪.২০১৬ তারিখে জেলা প্রশাসন চট্টগ্রামের যাচিত তথ্যাদি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনপত্র, অর্থের সংস্থান বিষয়ক প্রত্যয়নপত্র) ২৭.০৭.২০১৬ তারিখে জেলা প্রশাসক চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হয়েছে।<br><br>* ০১.১১.২০১৬ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম হতে পত্র মারফত এলপি গ্যাস লিমিটেড কর্তৃক প্রস্তাবিত জমির প্রশাসনিক অনুমোদনপত্র ও অর্থের সংস্থান বিষয়ক প্রত্যয়নপত্র এবং সহকারী কমিশনার (ভূমি), সীতাকুন্ড কর্তৃক প্রেরিত পাবলিক ইজমেন্ট ক্ষতিগ্রস্ত হবে না সংক্রান্ত প্রতিবেদন সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করেছে। জমি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ৭) | মধ্যপাড়ার Hard rock কে কঠিন শিলার পরিবর্তে "গ্রানাইট" হিসেবে উল্লেখ করতে হবে। নির্মাণ কাজের উপাদান হিসাবে ব্যবহারের পরিবর্তে উন্নতমানের Slab আকারে শিলা উত্তোলনের উদ্যোগ গ্রহণ করতে হবে। আহরিত শিলা পাথর নৌ-পথে পরিবহণের লক্ষ্যে পদ্মা সেতুর নিকটবর্তী স্থানে মজুদ এবং পরিবহণের সম্ভাব্যতা পরীক্ষা করতে হবে; | পেট্রোবাংলা | ক) হার্ডরক এর নাম পরিবর্তন করে "গ্রানাইট" নামকরণ করা হয়েছে।<br><br>খ) গ্রানাইট টাইলস/স্লাব তৈরী ও মধ্যপাড়া খনি সম্প্রসারণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য "Feasiblity Study of Granite Slab preparation and enhancement of hard rock production by expansion of Maddhapara Mine" **প্রকল্পটি গত ২১.১২.২০১৭ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত** হয়েছে। উক্ত স্টাডি প্রকল্পের আওতায় **কনসাল্টিং ফার্মের সাথে** ০৭.০১.২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি **অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান কার্যক্রম শুরু** করেছে।<br><br>গ) মধ্যপাড়া খনি হতে আহরিত গ্রানাইট পাথর নৌ-পথে পরিবহণসহ দেশের বাৎসরিক শিলার চাহিদার পরিমাণ নিরুপণের জন্য "Market Feasibility Study of Granite Rock of MGMCL" কাজের জন্য নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিপোর্টের কতিপয় সুপারিশ ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট সুপারিশ এমজিএমসিএল খনি হতে গ্রানাইট উৎপাদন বৃদ্ধি সাপেক্ষে নৌপথে গ্রানাইট পাথর পরিবহণের বিষয়সহ অন্যান্য সুপারিশসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। |
| ৮) | রাশিয়ার Gazprom ইতোপূর্বে ১০টি কূপ খনন করে ১১২ এমএমসিএফডি গ্যাস জাতীয় গ্রীডে যুক্ত করেছে। বর্তমানে তাদের আবেদনমতে নতুনভাবে আরো ৪টি কূপ খনন করার দায়িত্ব দ্রুতগতিতে প্রদান করা যেতে পারে; | পেট্রোবাংলা | রাশিয়ার রাষ্ট্রীয় সংস্থা Gazprom-ইতোপূর্বে ১০টি কূপ খনন করে ১১২ এমএমসিএফডি গ্যাস জাতীয় গ্রীডে যুক্ত করেছে। তাদের আবেদনমতে আরও ৫টি কূপ খনন করার দায়িত্ব প্রদান করা হয় এবং কূপগুলির খনন কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে রাশিয়ার Gazprom এর সাথে মূল চুক্তির অনুবৃত্তিক্রমে আরো ২টি কূপ (ভোলা নর্থ-১ ও শাহবাজপুর ইষ্ট-১) খননের জন্য Addendum-6 স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে ২টি কূপের খনন সম্পন্ন হয়েছে এবং কূপ ২টিতে গ্যাস পাওয়া গেছে। |

চলমান পৃষ্ঠা-০৪

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| ৯) | শিল্পাঞ্চল/স্পেশালাইজড ইকনোমিক জোন প্রভৃতিতে গ্যাস/বিদ্যুৎ সরবরাহে অগ্রাধিকার প্রদান করা হবে; | পেট্রোবাংলা | **বিশেষ অর্থনৈতিক অঞ্চলে অগ্রাধিকার ভিত্তিতে গ্যাস সরবরাহে সরকারের নির্দেশনার আলোকে গ্যাস সরবরাহের প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বর্তমানে সীমিত হারে 'নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি সংক্রান্ত বিষয় বিবেচনার জন্য গঠিত কমিটি'র মাধ্যমে বিবেচনা করা হচ্ছে।**<br><br>শিল্পাঞ্চল/বিশেষ অর্থনৈতিক অঞ্চলসমূহে গ্যাস সরবরাহের বিষয়ে অগ্রগতি নিম্নরূপ:<br><br>▪ আব্দুল মোনেম বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সংযোগের লক্ষ্যে মুখ্য বিতরণ লাইন স্থাপনের লক্ষ্যে ০৮.০১.২০১৮ নির্বাচিত ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলছে। গজারিয়া টিবিএস মডিফিকেশন-এর নিমিত্ত ঠিকাদার নির্বাচন করা হয়েছে। আভ্যন্তরীন ডিআরএস ও আভ্যন্তরীন বিতরণ পাইপলাইন নির্মাণের নিমিত্ত প্রাক্কলন প্রেরণ করা হয়েছে।<br><br>▪ হবিগঞ্জ অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সংযোগের জন্য ডিআরএস, পাইপলাইন ও সিএমএস নির্মাণ ব্যয়ের প্রাক্কলন ও লে-আউট প্ল্যান বেজা প্রেরণ করা হয়েছে।<br><br>▪ শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার এ গ্যাস সরবরাহ প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়েছে। Turn-Key ভিত্তিতে ০১টি আরএমএস, ০১টি সিএমএস ও ৩কিঃমিঃ পাইপলাইন নির্মাণের লক্ষ্যে ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। ১৫.০৩.২০১৮ তারিখে পাইপলাইনের বৈদেশিক মালামাল জাহাজীকরণ করা হয়েছে।<br><br>▪ মেঘনা বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে মূখ্য বিতরণ লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় লাইনপাইপ ও অন্যান্য মালামাল তিতাস ভান্ডারে মজুদ রয়েছে। দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br><br>▪ মেঘনা ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইকোনমিক জোনে মূখ্য বিতরণ লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় লাইনপাইপ ও অন্যান্য মালামাল তিতাস ভান্ডারে মজুদ রয়েছে। দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br><br>▪ এ কে খান বেসরকারি অর্থনৈতিক অঞ্চল, নরসিংদী এ গ্যাস সংযোগের লক্ষ্যে প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br><br>▪ সিরাজগঞ্জ অর্থনৈতিক অঞ্চল, সদর এবং বেলকুচি, সিরাজগঞ্জ এ গ্যাস সংযোগের লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের আংশিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>▪ নাটোর অর্থনৈতিক অঞ্চল, লালপুর, নাটোর এ পিজিসিএল কর্তৃক প্রাথমিক জরিপ সম্পন্ন করে অবকাঠামো নির্মাণের জন্য সম্ভাব্য ব্যয়ের আংশিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>▪ ঈশ্বরদী ইপিজেডের ১ম ফেইজের অনুমোদিত শিল্প প্রতিষ্ঠানে ইতোমধ্যে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। ১ম ফেইজের অবশিষ্টাংশ ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত এলাকায় গ্যাস সরবরাহের লক্ষ্যে ৫.১ কি:মি: গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মান কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও ডিআরএস আপগ্রেডেশন কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহ ও দরপত্র আহবান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>▪ মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহের লক্ষ্যে Construction of Gas Pipeline Project for Mirsarai Economic Zone, Chittagong প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়েছে। উক্ত অর্থনৈতিক অঞ্চলে গ্যাস লাইন নির্মাণের প্রয়োজনীয় মালামাল ক্রয়ের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ১৯.০৪.২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়া, উক্ত অর্থনৈতিক অঞ্চলে ০১টি সিজিএস ও ০২টি এইচপি-ডিআরএস ক্রয় ও স্থাপনের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ২২.০৪.২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। |

চলমান পৃষ্ঠা-০৫

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| | | | ▪ আমান বেসরকারি অর্থনৈতিক অঞ্চল, সোনারগাঁও, নারায়ণগঞ্জ ও টিজিটিডিসিএল এর মধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। নতুন চাহিদা অনুযায়ী নক্সা ও প্রাক্কলন পুনঃপ্রস্তুতকরত গ্রাহক বরাবরে প্রেরণের কাজ চলমান রয়েছে।<br>▪ আরিশা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল, কেরানীগঞ্জ, ঢাকা ও টিজিটিডিসিএল এর মধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br>▪ বে-বেসরকারি অর্থনৈতিক অঞ্চল এর সাথে টিজিটিডিসিএল এর MOU স্বাক্ষরিত হয়েছে। সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br>▪ আকিজ অর্থনৈতিক অঞ্চল এর সাথে টিজিটিডিসিএল এর MOU স্বাক্ষরিত হয়েছে। সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। গ্রাহক ব্যয়ে কাজটি সম্পাদনের জন্য নক্সা, মালামাল তালিকা ও টেকনিক্যাল স্পেসিফিকেশন গ্রাহক বরাবর প্রেরণ করা হয়েছে। তদানুযায়ী গ্রাহক কর্তৃক ক্রয়তব্য মালামালসমূহের কারিগরী মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং কারিগরী মূল্যায়নে প্রস্তাবিত মালামালসমূহের গ্রহণযোগ্যতা বিবেচিত হয়েছে।<br>▪ সোনারগাঁও বেসরকারি অর্থনৈতিক অঞ্চল এর সাথে টিজিটিডিসিএল এর MOU স্বাক্ষরিত হয়েছে। সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br>▪ জামালপুর বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে লাইনপাইপ ও অন্যান্য মালামাল সংগ্রহের জন্য ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>▪ সিটি অর্থনৈতিক অঞ্চল এ গ্যাস সংযোগের লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। গ্রাহক ব্যয়ে কাজটি সম্পাদনের জন্য নক্সা, মালামাল তালিকা ও টেকনিক্যাল স্পেসিফিকেশন গ্রাহক বরাবর প্রেরণ করা হয়েছে।<br>▪ গজারিয়া অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সংযোগের লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br>▪ ঢাকা সরকারী অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সংযোগের লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br>▪ জাপানিজ অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সংযোগের লক্ষ্যে সম্ভাব্য ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন প্রেরণ করা হয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে মালামাল ক্রয় প্রক্রিয়া শুরু হবে। প্রাক্কলিত অর্থ অদ্যাবধি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রেরণ করা হয়নি।<br>▪ সিলেট হাইটেক পার্ক-এ গ্যাস সরবরাহের লক্ষ্যে সওজ এর ভূমিতে পাইপ লাইন স্থাপনের জন্য সওজ কর্তৃপক্ষের সাথে জালালাবাদ গ্যাসের যৌথ জরিপ সম্পন্ন হয়েছে। পাইপলাইন সামগ্রী প্রকল্প সাইটে এসে পৌছেছে। |

চলমান পৃষ্ঠা-০৬

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| ১০. | কুয়েত কর্তৃক পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স স্থাপনের জন্য মহেশখালি এলাকায় ১০০০ একর জমি সংরক্ষণ করতে হবে; | বিপিসি | বর্তমানে কুয়েত কর্তৃক উক্ত পেট্রোলিয়াম কমপ্লেক্স স্থাপনের জন্য কুয়েতের কাছ থেকে কোন বাস্তব উদ্যোগ নেই। |
| ১১. | Off-shore গ্যাস ব্লকসমূহে বাপেক্স এর Carried Stake ১০% হতে ২০% এ উন্নীত করার লক্ষ্যে পর্যায়ক্রমে ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পেট্রোবাংলা | Off-shore এ অগভীর সমুদ্রের ব্লক এসএস-১১ এ স্যান্তোস ও ক্রিশ এনার্জি যৌথভাবে কাজ করছে এবং তাদের সাথে বাপেক্স এর Carried Stake ১০% রয়েছে। ব্লক এসএস-৪ ও এসএস-৯ এ ওএনজিসি ভিদেশ এবং ওয়েল ইন্ডিয়া কোম্পানি যৌথভাবে কাজ করছে। তাদের সাথেও বাপেক্স এর Carried Stake ১০% রয়েছে। ভবিষ্যতে বাপেক্স এর Carried Stake ১০% হতে ২০% এ উন্নীত করার বিষয়টি বিডিং রাউন্ড শুরুর প্রাক্কালে বিড ডকুমেন্টে অন্তর্ভূক্তির উদ্যোগ গ্রহণ করা হবে। |
| ১২. | ক) চট্টগ্রাম-ঢাকা (নারায়নগঞ্জ/ফতুল্লা) তেল পাইপলাইন নির্মাণ কাজ জরুরি ভিত্তিতে সম্পাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিপিসি | * পিপিআর-২০০৮ এর আওতায় 'অর্পিত ক্রয়কার্য' হিসেবে বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে এ পাইপলাইনটি নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। গত ১৪.০১.২০১৮ তারিখে অর্থ বিভাগের লিক্যুইডিটি সার্টিফিকেট পাওয়া গেছে।<br><br>* চট্টগ্রাম-ঢাকা পাইপলাইন রুট বরাবর সকল জেলার জমি অধিগ্রহণ ও অধিযাচনের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। প্রশাসনিক অনুমোদন অনুযায়ী জমি অধিগ্রহণ ও অধিযাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম, ফেনী, কুমিল্লাকে অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসন হতে অনুমোদন পাওয়া গেলে ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>* একনেক এ অনুমোদনের লক্ষ্যে ডিপিপি গত ০৩.০৪.২০১৮ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br><br>* বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (পিওসিএল) ও সংশ্লিষ্ট এলাকার জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধি ও জরিপ দলের সমন্বয়ে গত ০৭.০৩.২০১৮ হতে ১৩.০৩.২০১৮ তারিখ পর্যন্ত চাঁদপুর-কুমিল্লা-মুন্সিগঞ্জ-নারায়নগঞ্জ রুটে এবং গত ০৪.০৪.২০১৮ হতে ০৮.০৪.২০১৮ তারিখ পর্যন্ত চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা রুটে রেকি কার্য পরিচালনা করা হয়।<br><br>* পরামর্শক ফি বাবদ ২য় চলতি বিল হিসেবে ৬৯.৩৭ লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে। |

চলমান পৃষ্ঠা-০৭

| | | | |
|---|---|---|---|
| | খ) কাঞ্চনব্রীজ হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত পাইপলাইন জরুরি ভিত্তিতে স্থাপনের পদক্ষেপ গ্রহণ করতে হবে; | বিপিসি | *** এ পাইপলাইন স্থাপনের জন্য বাংলাদেশ নৌবাহিনীকে ইপিসি ঠিকাদার নিয়োগ করা হয়েছে।**<br><br>*** জেট এ-১ পাইপলাইন ফ্রম পিতলগঞ্জ (কাঞ্চন ব্রীজ) টু কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) ইনক্লুডিং পাম্পিং ফ্যাসিলিটিজ" শীর্ষক প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান** বাংলাদেশ নৌ-বাহিনীর বাণিজ্যিক অঙ্গ-প্রতিষ্ঠান নৌ-কল্যাণ ফাউন্ডেশন ট্রেডিং কোম্পানি লিমিটেড এর কাজ যথাযথ মনিটরিং ও সুপারভিশন করার জন্য Project Management Consultant (PMC) হিসেবে ৫,৮৬,৫৩,৮৮০.৯৯ টাকায় (৫,৬৪,০৭৩.৮৮ মার্কিন ডলার+ ১,২৪,৫৬,২৩০.৬৩ টাকা) Dorsch Holding GmbH Germany in association with Dorsch Consult (India) Private Ltd. India প্রতিষ্ঠানটিকে PMC হিসেবে নিয়োগের প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর উক্ত কোম্পানিকে ২৬.০৪.২০১৮ তারিখে PMC হিসেবে নিয়োগের জন্য এ বিভাগ হতে বিপিসিকে পত্র দেয়া হয়।<br><br>* পাইপলাইন রুট, পাইপলাইন ডিজাইন ও ড্রইং চূড়ান্তকরণের লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর সাথে আলোচনা হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনী ও রাজউকের কনসালটেন্ট কর্তৃক তিনশ ফুট সড়কের পাশ দিয়ে আরেকটি রুটের প্রস্তাব প্রদান করেছে এবং প্রস্তাবিত বিকল্প রুটের ড্রইং ০৮.০৩.২০১৮ তারিখের মধ্যে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডকে হস্তান্তর করবে।<br><br>* বাংলাদেশ নৌবাহিনীর নিয়োগকৃত ঠিকাদার সিনোম্যাক কর্তৃক সার্ভেকৃত কো-অর্ডিনেটস মেট্রোরেলকে প্রদান করা হয়েছে।<br><br>* BIWTA গত ১১.০১.২০১৮ তারিখ নারায়নগঞ্জ নদী বন্দরাধীন রুপগঞ্জ উপজেলার ব্রাক্ষণখালী ও পিতলগঞ্জ মৌজায় শীতলক্ষা নদীর পশ্চিম তীরে স্টীল ও আরসিসি জেটি নির্মাণ এবং ঢাকা নদী বন্দরাধীন বালু নদীর ব্রীজের দক্ষিণ পার্শ্বে বালু নদীর তলদেশে দিয়ে পাইপলাইন অতিক্রমের লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করেছে।<br><br>* পুনরায় পাইপলাইন সার্ভে করে প্রতিবেদন ২৭.০৩.২০১৮ তারিখে রাজউকে প্রেরণ করা হয়েছে।<br><br>* প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে জেট এ-১ পাইপলাইন রুট চূড়ান্ত অনুমোদনের বিষয়ে আলোচনার জন্য গত ১০.০৪.২০১৮ তারিখে ডিটিসি'র নির্বাহী পরিচালকের সভাপতিত্বে ডিটিসি'র সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত জেট এ-১ পাইপলাইনের ডিটেইলড ডিজাইন ডিএমটিসিএল/ডিটিসিকে প্রদান করা ও প্রকল্প এলাকায় অন্যান্য কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করাসহ বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>* পাইপলাইন রুটের বিষয়ে MRT থেকে ফাইনাল ক্লিয়ারেন্স গত ২৫.০৪.২০১৮ তারিখে পাওয়া গিয়েছে। MRT থেকে প্রাপ্ত ফাইনাল ক্লিয়ারেন্সসহ রুটের ফাইনাল ক্লিয়ারেন্সের বিষয়ে গত ২৬.০৪.২০১৮ তারিখে রাজউকে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>* জেট এ-১ পাইপলাইন ম্যানুফ্যাকচারিং কোম্পানি পরিদর্শন করার লক্ষ্যে মন্ত্রণালয় ও পদ্মা অয়েল কোম্পানি লিমিটেডের সমন্বয়ে একটি দল ২৪.০৪.২০১৮ হতে ২৯.০৪.২০১৮ তারিখ পর্যন্ত চীন সফর করেছেন।<br><br>* ডিপো নির্মাণের জায়গা অধিগ্রহণ সংক্রান্ত বিষয়টি ভূমি মন্ত্রণালয়ের সেন্ট্রাল ল্যান্ড এক্যুইজিশন কমিটির সভা ০৩.০৪.২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভায় ৬.০৯ একর জমি অধিগ্রহণের বিষয়ে অনুমোদন করা হয়েছে। ভূমি অধিগ্রহণের বিষয়ে ভূমি মন্ত্রণালয় থেকে চিঠি সংশ্লিষ্ট ডিসি অফিসে পত্র প্রেরণ করা হয়েছে। ডিজাইন ও ড্রইং চূড়ান্তকরণের লক্ষ্যে বিভিন্ন সংস্থার সাথে আলোচনা চলমান রয়েছে। |

চলমান পৃষ্ঠা-০৮

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী সংস্থা | বাস্তবায়ন অগ্রগতি পর্যায় |
|---|---|---|---|
| ১৩. | কক্সবাজারের মহেশখালীতে বিদ্যুৎ ও জ্বালানি বিভাগসহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের গৃহীত/গৃহীতব্য প্রকল্পসমূহের জমি বরাদ্দের বিষয়টি সমন্বয়পূর্বক একটি ম্যাপ প্রণয়ন করতে হবে; | পেট্রোবাংলা | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। ম্যাপ প্রণয়ন সম্পন্ন করা হয়েছে। |
| ১৪. | অনশোর করা ব্লকসমূহ লীজ প্রদানের জন্য আগামী ০১(এক) মাসের মধ্যে পরিকল্পনা গ্রহণ করতে হবে; | পেট্রোবাংলা | গত ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে জ্বালানি ও সম্পদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধন করে Draft Onshore Model PSC 2017 এবং Draft Offshore Model PSC 2017 এর উপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং/মতামত পাওয়া গেছে। Draft Onshore Model PSC 2017 এবং Draft Offshore Model PSC 2017 চূড়ান্তকরণের জন্য শীঘ্রই কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ১৫. | ঢাকা শহরের ন্যায় অন্যান্য শহরেও GSB ভূ-ইকনোমিক তথ্য ভান্ডার গড়ে তুলতে হবে; | জিএসবি | ঢাকা শহরের ন্যায় বরিশাল, খুলনা সিটি কর্পোরেশন, সাতক্ষীরা ও ফরিদপুর শহর এলাকায় ভূ-বৈজ্ঞানিক তথ্য সংগ্রহের জন্য Geo-information for Urban Planning and Adaptation to Climate Change, Bangladesh (GeoUPAC) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গত ১২.০২.২০১৮ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত। |
| ১৬. | বিগত ০৬.০২.২০১৪ তারিখে পরিদর্শন কালে গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে যে সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়নি সে সকল সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে; | পেট্রোবাংলা | পেট্রোবাংলা:<br>মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬.০২.২০১৪ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় পরিদর্শনকালে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য গৃহীত সিদ্ধান্তসমূহের ক্রমিক নং-২ অনুসরণে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে জ্বালানি খাতে কর্মপরিকল্পনা পেট্রোবাংলা হতে পাওয়া গেছে, যা সময় সময় হালনাগাদ করা হবে।<br>বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি):<br>বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর জন্য গৃহীত ১৪ নং ক্রমিকের সিদ্ধান্তের প্রেক্ষিতে জিএসবি কর্তৃক সমুদ্র ও নদী অববাহিকায় সঞ্চিত বালিতে মূল্যবান খনিজ পদার্থের অনুসন্ধান কার্যক্রম জোরদার করার জন্য ''বাংলাদেশের নদীবক্ষের বালিতে মূল্যবান খনিজের উপস্থিতি নির্ণয় ও অর্থনৈতিক মূল্যায়ন'' শীর্ষক প্রকল্প বাংলাদেশ আনবিক শক্তি কমিশন ও বিসিএসআইআর এর সাথে যৌথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৫.৬৩ কোটি টাকা এবং বাস্তবায়নকাল ০১.১২.২০১৫ থেকে ৩০.০৬.২০১৮ পর্যন্ত।<br>প্রকল্প এলাকা :<br>বৃহত্তর ময়মনসিংহ, সিলেট, ঢাকা, টাংগাইল, কুমিল্লা, নোয়াখালি এবং চট্টগ্রাম। |

মোঃ আবু জুবাইর হোসেন বাবলু
যুগ্ম-সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার